বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৬৯

তারিখঃ ১২ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর একটি প্রতিনিধি দলের সাথে Financial Services Agency of Japan (FSA) এর মধ্যকার একটি দ্বিপাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত দ্বিপাক্ষিক আলোচনা সভায় বিএসইসি এর চেয়ারম্যান (সিনিয়র সচিব) ও IOSCO-APRC ভাইস-চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম; এফএসএ এর কমিশনার জনাব নাকাজিমা জুনুচি; এবং এফএসএ এর আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ভাইস-কমিশনার ও IOSCO-APRC চেয়ার জনাব শিগেরু আরিজুমি সহ উক্ত নিয়ন্ত্রক সংস্থা দুটির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত আলোচনা সভায় পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক এবং পুঁজিবাজার সংক্রান্ত আরও অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। একইসাথে, বিএসইসি ও এফএসএ এর মধ্যে একটি EoL (Exchange of Letters) স্বাক্ষরিত হয়। অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন, পাশাপাশি আন্তর্জাতিক অঙ্গনে বিএসইসি’র অবস্থান উল্লেখ করে এফএসএ এর সাথে ভবিষ্যতে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের বিষয়েও আলোচনা করেন।

উল্লেখ্য যে, Japan External Trade Organization (JETRO) এবং The Japan-Bangladesh Committee for Commercial and Economic Co-operation (JBCCEC) এর সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর যৌথ উদ্যোগে জাপানের টোকিও শহরে ২৭ এপ্রিল তারিখে অনুষ্ঠিতব্য “Trade & Investment Opportunities between Bangladesh and Japan” শীর্ষক সামিট মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করবেন। উক্ত অনুষ্ঠানে, ২৫ এপ্রিল ২০২৩ তারিখে স্বাক্ষরিত EoL টি মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিএসইসি ও এফএসএ এর মধ্যে বিনিময় হবে। উক্ত অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত করার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একটি প্রতিনিধিদল জাপানে অবস্থান করছেন।

25-04-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd








AN ECONOMY
ON THE MOVE
BANGLADESH AT FIFTY